

নম্বর -০৫.০০.০০০০.১৭৩.০৮.০১৪.০৭-১৪৭

তারিখ: ০৯ আষাঢ় ১৪২৭  
২৩ জুন ২০২০

## প্রজ্ঞাপন


সংক্রামক রোগ (প্রতিরোধ, নিয়ন্ত্রণ ও নির্মূল) আইন, ২০১৮ এর সংশ্লিষ্ট ধারায় ক্ষমতাপ্রাপ্ত কর্তৃপক্ষ কর্তৃক কোভিড-১৯ রোগের সংক্রমণ প্রতিরোধ ও নিয়ন্ত্রণে রোগের চলমান ঝুঁকি বিবেচনায় যান-চলাচল/ জীবনযাত্রা কঠোরভাবে নিয়ন্ত্রণের লক্ষ্যে দেশের নিম্নোক্ত ছকে বর্ণিত এলাকাকে লাল অঞ্চল (Red Zone) ঘোষণা করায় Allocation of Business Among The Different Ministries and Divisions (Schedule I of The Rules of Business, 1996) (Revised up to April 2017) এর জনপ্রশাসন মন্ত্রণালয়ের অংশে ৩৭ নম্বর ক্রমিকে প্রদত্ত ক্ষমতাবলে উক্ত এলাকায় বর্ণিত সময়ের জন্য শর্তসাপেক্ষে সাধারণ ছুটি ঘোষণা করা হলো। উক্ত ছুটির মধ্যে সাপ্তাহিক ছুটিও অন্তর্ভুক্ত থাকবে।

ক্র. নং	জেলার নাম	লাল অঞ্চল (Red Zone) ঘোষিত এলাকার সীমানা	লাল অঞ্চল (Red Zone) ঘোষণার তারিখ	লাল অঞ্চল (Red Zone) ঘোষণার মেয়াদ	সাধারণ ছুটির মেয়াদ
১।	কক্সবাজার	(১) কক্সবাজার সদর উপজেলাধীন কক্সবাজার পৌরসভা; (২) টেকনাফ উপজেলাধীন টেকনাফ পৌরসভা; (৩) উখিয়া উপজেলাধীন রাজাপালং ইউনিয়নের ২, ৫, ৬ ও ৯ নং ওয়ার্ড, রত্নাপালং ইউনিয়নের কোটবাড়ি বাজার, পালংখালী ইউনিয়নের বালুখালী ও থাইংখালী বাজার।	২০ জুন ২০২০	২১ জুন ২০২০ দিবাগত রাত ১২.০১ মি. হতে ১১ জুলাই ২০২০ রাত ১১.৫৯ মি. পর্যন্ত।	২৪ জুন ২০২০ হতে ১১ জুলাই ২০২০ পর্যন্ত
২।	মাগুরা	ঢাকা-ঝিনাইদহ-মেহেরপুর মহাসড়ক সংলগ্ন মাগুরা পৌরসভাধীন একতা কাঁচাবাজার এবং ভায়না মোড়ের দক্ষিণে ৪ নং ওয়ার্ডের খানপাড়া এবং পিটিআই পাড়া এলাকা।	২১ জুন ২০২০	২১ জুন ২০২০ হতে ১১ জুলাই ২০২০ পর্যন্ত	২৪ জুন ২০২০ হতে ১১ জুলাই ২০২০ পর্যন্ত
৩।	খুলনা	(১) খুলনা সিটি কর্পোরেশনের ১৭ ও ২৪ নং ওয়ার্ড; (২) রূপসা উপজেলাধীন আইচগাতী ইউনিয়ন।	২২ জুন ২০২০	২৫ জুন ২০২০ তারিখ দিবাগত রাত ১১.৫৯ টা হতে ১৬ জুলাই ২০২০ তারিখ দিবাগত রাত ১১.৫৯ টা পর্যন্ত মোট ২১ দিন	২৬ জুন ২০২০ হতে ১৬ জুলাই ২০২০ পর্যন্ত
৪।	হবিগঞ্জ	বাহুবল উপজেলাধীন বাহুবল ইউনিয়ন।	১৮ জুন ২০২০	পরবর্তী ২১ দিন	২৪ জুন ২০২০ হতে ০৯ জুলাই ২০২০ পর্যন্ত

শর্তাবলি:

- (ক) শুধুমাত্র লাল অঞ্চল (Red Zone) ঘোষিত এলাকায় বর্ণিত সময়ের জন্য এ সাধারণ ছুটি কার্যকর থাকবে;
- (খ) লাল অঞ্চল (Red Zone) ঘোষিত এলাকায় বসবাসরত সকল সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত, আধা-স্বায়ত্তশাসিত, সংবিধিবদ্ধ ও বেসরকারি অফিস/ প্রতিষ্ঠান/ সংস্থায় কর্মরত কর্মকর্তা-কর্মচারীগণের ক্ষেত্রে এ ছুটি প্রযোজ্য হবে;
- (গ) লাল অঞ্চল (Red Zone) ঘোষিত এলাকায় অবস্থিত সকল সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত, আধা-স্বায়ত্তশাসিত, সংবিধিবদ্ধ ও বেসরকারি অফিস/ প্রতিষ্ঠান/ সংস্থায় কর্মরত ও অন্য এলাকায় বসবাসরত কর্মকর্তা/ কর্মচারীগণের ক্ষেত্রেও এ ছুটি প্রযোজ্য হবে; এবং
- (ঘ) জরুরি পরিষেবা এ সাধারণ ছুটির আওতা বহির্ভূত থাকবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

  
২৬/০৬/২০২০

(কাজী মোহাম্মদ সাইফুল ইসলাম)

উপসচিব

ই-মেইল: [reg4@mopa.gov.bd](mailto:reg4@mopa.gov.bd)

নম্বর -০৫.০০.০০০০.১৭৩.০৮.০১৪.০৭-১৪৭(৫০০)

তারিখ: ০৯ আষাঢ় ১৪২৭  
২৩ জুন ২০২০

**অনুলিপি সদয় অবগতি / অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। প্রধানমন্ত্রীর মুখ্যসচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ৩। গভর্নর, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, ঢাকা।
- ৪। সিনিয়র সচিব/সচিব,----- মন্ত্রণালয়/বিভাগ (সকল)।
- ৫। পুলিশ মহাপরিদর্শক, পুলিশ অধিদপ্তর, ঢাকা।
- ৬। পিএসও, সশস্ত্র বাহিনী বিভাগ, ঢাকা সেনানিবাস, ঢাকা।
- ৭। প্রধান তথ্য অফিসার, তথ্য অধিদপ্তর, ঢাকা (প্রচার মাধ্যমে সম্প্রচারের অনুরোধসহ)।
- ৮। রেজিস্ট্রার জেনারেল, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
- ৯। অতিরিক্ত সচিব (সকল), জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১০। কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয় (সকল)।
- ১১। প্রধানমন্ত্রীর একান্ত সচিব-১, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ১২। জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয় (সকল) - তাঁর জেলায় লাল অঞ্চল (Red Zone) ঘোষণার মেয়াদ পরিবর্তিত হলে জনপ্রশাসন মন্ত্রণালয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।
- ১৩। প্রতিমন্ত্রীর একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ১৪। সচিবের একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ১৫। উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (বাংলাদেশ গেজেটে প্রকাশের অনুরোধসহ)।
- ১৬। উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় (সকল)।
- ১৭। সিনিয়র সিস্টেম এনালিস্ট, পিএসিসি, জনপ্রশাসন মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রজ্ঞাপনটি প্রকাশের অনুরোধসহ)।